# সোনালী ব্যাংক পিএলসি

**বিশ্বস্ত ও স্মার্ট**

## অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

**ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ** মেসার্স ভাই ভাই ট্রেডার্স, প্রোঃ মোঃ মাহবুবুর রহমান, পিতাঃ মকবুল হোসেন, ব্যবসায়িক ঠিকানাঃ কিশোরপুর, ডাকঘর: ভবনগর, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম। স্থায়ী ঠিকানাঃ গ্রাম- ভেন্ডার পাড়া, কিশোরপুর, ডাকঘর: ভবনগর, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

এই মর্মে সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসেবে ৩১/০৩/২০২৫ ইং তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা =৪,১২,৯৫৮/০১ টাকা (কথায়: চার লক্ষ বারো হাজার নয়শত আটান্ন টাকা এক পয়সা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত হাইপোঃ/প্লেজ মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মাণাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকীকৃত সম্পত্তির তফশিল ঃ

**জেলা-কুড়িগ্রাম, উপজেলা-উলিপুর**

| মৌজা | জমির শ্রেণী | জেএল নম্বর | খতিয়ান নম্বর | | | | দাগ নম্বর | | জমির পরিমান | মালিকানা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সিএস | এসএ | আরএস | খারিজ | সিএস/এসএ | আরএস | | |
| দড়িকিশোরপুর | কৃষি | ৯২ | ৩৬৪ | ৩৫৬ | ৪৮৩ | - | ১৭৪ | ৩১৫ | ০.১৮৬০ একর | মাহবুবার রহমান |
| দড়িকিশোরপুর | বাণিজ্যিক | ৯২ | ৩৬৪ | ৩৫৬ | ৪৮৩ | - | ১৭৪ | ৩১৫ | ০.০৮০০ একর | মাহমুদা বেওয়া |
| কিশোরপুর | কৃষি | ৭০ | - | ৫৭৭ | ৬৮০ | ৮০৬ | ১০৪৪ | ১৩০০ | ০.০১০০ একর | মাহমুদা বেওয়া |
| | | | - | ৮৮৫ | ৯৭৯ | - | ৬১৬ | ৯৯৭ | ০.২০০০ একর | মাহমুদা বেওয়া |
| | মোট= | | | | | | | | ০.৪৭৬০ একর | |

### বন্ধকীকৃত সম্পত্তির চৌহদ্দিঃ

| দাগ নম্বর | | জমির পরিমাণ (শতাংশ) | উত্তর | দক্ষিণ | পূর্ব | পশ্চিম |
|---|---|---|---|---|---|---|
| সিএস/এসএ | আরএস | | | | | |
| ১৭৪ | ৩১৫ | ১৮.৬০ | মোজাম্মেল হক | জাকির হোসেন | নিজ | আহসান হাবীব |
| ১৭৪ | ৩১৫ | ৮.০০ | মোজাম্মেল হক | জাকির হোসেন | নিজ | আহসান হাবীব |
| ১০৪৪ | ১৩০০ | ১.০০ | আব্দুস সালাম | আইয়ুব আলী | নিজ | গোলাম রব্বানী |
| ৬১৬ | ৯৯৭ | ২০.০০ | আশেম | মতিয়ার রহমান | মতিয়ার রহমান | মজির উদ্দিন বসুনিয়া |

**শর্তসমূহ ঃ** ২৬/০৭/২৫

১.০ আগামী ~~৩০/০৫/২০২৫~~ ইং তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, উলিপুর শাখা /অফিস কিংবা প্রিন্সিপাল অফিস , কুড়িগ্রাম এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌঁছাইতে হইবে।

২.০ দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

৩.০ পত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলো ঃ

| র্নেষ্ট মানি/ জামানতের পরিমান | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যো ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

৪.০ দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/সম্পত্তি খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহুত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময়সীমার মধ্যে) সম্পূর্ন মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

চলমান পাতা-২

৫.০ দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

৬.০ দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৭.০ নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৮.০ ঋণগ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

৯.০ কর্তৃপক্ষ কোন কারন দর্শানো কিংবা কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০.০ দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১.০ নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ম্যানেজার
মোবাইল নম্বর ঃ ০১৭৫৫-৫৮৪৮৫৭।